গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা ১২০৫
www.naem.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০০২.২২.১৪

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯
২১ সেপ্টেম্বর ২০২২

বিষয়: **মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের ইংরেজি বিষয়ের শিক্ষকগণের জন্য অনুষ্ঠিতব্য ৭১তম Communicative English Course (CEC)-এর প্রশিক্ষণার্থী মনোনয়ন**

উপর্যুক্ত বিষয়ে তাঁকে জানানো যাচ্ছে যে, আগামী ২৬ আশ্বিন থেকে ১৫ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ/ ১১ অক্টোবর থেকে ৩১ অক্টোবর ২০২২ খ্রি. মেয়াদে মাধ্যমিক পর্যয়ের শিক্ষা প্রতিষ্ঠানের ইংরেজি বিষয়ের শিক্ষকগণের জন্য ৭১তম Communicative English Course (CEC) নায়েম-এ অনুষ্ঠিত হবে। এ কোর্সে অংশগ্রহণের জন্য তাঁর আওতাধীন জেলাসমূহের সরকারি ও এমপিওভুক্ত বেসরকারি বিদ্যালয় থেকে ইংরেজি বিষয়ের ০৪ (চার) জন প্রশিক্ষণার্থী প্রেরণের জন্য অনুরোধ করা হলো। মনোনীত প্রশিক্ষণার্থীগণের নাম, পদবি, প্রতিষ্ঠানের নাম, ইনডেক্স নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) এবং তাঁদের মোবাইল নম্বরসহ তালিকা ২৯ সেপ্টেম্বর ২০২২ এর মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট এবং ই-মেইলে adtrgjahangir.naem@gmail.com এবং ttshuda.naem@gmail.com-এ প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। মনোনয়নের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরিত পত্রে নিম্নোক্ত শর্তসমূহ অবশ্যই উল্লেখ করতে হবে:

১. প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণের নির্ধারিত সার্ভিস চার্জ পরিশোধ এবং আসন শূন্য থাকা সাপেক্ষে হোস্টেলে অবস্থান করার ব্যবস্থা আছে। ঢাকার বাইরের আগ্রহী প্রশিক্ষণার্থীগণ ১০ অক্টোবর ২০২২ খ্রি. বিকাল ৫:০০টার পরে নির্ধারিত হোস্টেলে অবস্থান করতে পারবেন;

২. প্রশিক্ষণার্থীগণের নিজেদের ব্যয় ও শিক্ষা সফরের জন্য জন প্রতি কম পক্ষে ১২০০০/-(বার হাজার) টাকা সাথে আনা বাঞ্ছনীয়;

৩. সরকারি বিধি মোতাবেক প্রশিক্ষণ সমাপ্তির পর নায়েম থেকে অংশগ্রহণকারীগণকে ভ্রমন ও দৈনিক ভাতা/প্রশিক্ষণ ভাতার বিল নায়েম-এ পেশ করতে হবে। উক্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদনের পর অনলাইন ব্যাংকিং সিস্টেমে প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক অ্যাকাউন্টে প্রেরণ করা হবে। সেজন্য সংযুক্ত ছক যথাযথভাবে পূরণ করে আনতে হবে;

৪. ইতিপূর্বে নায়েম কর্তৃক পরিচালিত Communicative English Course /English Language Teaching (ELT) প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারী কোন শিক্ষক এ কোর্সে অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন না;

৫. নায়েমে গত এক বছরের মধ্যে কোন প্রশিক্ষণে অংশগ্রহণ করে থাকলে তাঁরা এ প্রশিক্ষণে অংশগ্রহণের অনুমতি পাবেন না;

৬. মনোনীত প্রশিক্ষণার্থী বেসরকারি প্রতিষ্ঠানের হলে তাঁকে এমপিওভুক্ত শিক্ষক হতে হবে;

৭. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ-এর স্মারক নং মাউশিপ্র/বা-ইউ/৫২৮০; তারিখ : ১০/০১/৯৯ এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫, তারিখ: ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত শিক্ষকগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত শিক্ষকগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষনিক বিমুক্ত (Stand Released) বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কোন কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হতে পারে;

৮. প্রশিক্ষণার্থীগণকে Class VI-IX এর English for Today শিরোনামের ০৪টি পুস্তক, ০২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্রের কপি, বেসকরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে মনোনীত শিক্ষকের সর্বশেষ এমপিও-এর কপি এবং প্রতিষ্ঠানের EIIN নম্বর সম্বলিত প্যাডে ছাড়পত্র আনতে হবে;

৯. প্রশিক্ষণ সম্পর্কিত কোন বিষয় সম্পর্কে জানার প্রয়োজন হলে কোর্স সমন্বয়ক জনাব মো. জাহাঙ্গীর কবীর, সহকারী পরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন (মোবাইল: ০১৬৭৩২১২৯১৪) অথবা জনাব মো. সামসুল হুদা, টিচার ট্রেইনার (মোবাইল: ০১৭১২২৮৪৬৬৯)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে;

১০. মনোনীত প্রশিক্ষণার্থীগণকে আগামী ৪ অক্টোবর ২০২২ খ্রিস্টাব্দের মধ্যে নায়েমের ওয়েবসাইটে (www.naem.gov.bd) প্রশিক্ষণ সংক্রান্ত মেন্যুর অনলাইন রেজিস্ট্রেশন-এর মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে;

১১. মনোনীত প্রশিক্ষণার্থীগণকে ১১ অক্টোবর ২০২২ খ্রি. সকাল ৮:০০টায় নায়েম-এর প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ান-স্টপ-সার্ভিস পয়েন্ট-এ রিপোর্ট করতে হবে।

২১-৯-২০২২
(প্রফেসর ড. তাহসিনা আক্তার)
পরিচালক
ফোন: ০২-৫৫১৬৭৫৩০
ফ্যাক্স: ০২-৫৫৬৩২১৪
ইমেইল:
director_training@naem.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) আঞ্চলিক উপপরিচালক (ভারপ্রাপ্ত), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা
২) উপ-পরিচালক (ভারপ্রাপ্ত), বিদ্যালয় ও পরিদর্শন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম
৩) আঞ্চলিক উপপরিচালক (ভারপ্রাপ্ত), বিদ্যালয় ও পরিদর্শন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী
৪) আঞ্চলিক উপপরিচালক, বিদ্যালয় ও পরিদর্শন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা
৫) আঞ্চলিক উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সিলেট  অঞ্চল, সিলেট
৬) আঞ্চলিক উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বরিশাল  অঞ্চল, বরিশাল
৭) আঞ্চলিক উপপরিচালক (ভারপ্রাপ্ত), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর
৮) আঞ্চলিক উপপরিচালক, বিদ্যালয় ও পরিদর্শন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ
৯) আঞ্চলিক উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বিদ্যালয় ও পরিদর্শন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কুমিল্লা অঞ্চল, কুমিল্লা

স্মারক নম্বর: ৩৭.০৪.০০০০.৩০০.২৫.০০২.২২.১৪/১(১৭)

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯
২১ সেপ্টেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, শিক্ষা ভবন, ঢাকা;
২) পরিচালক, প্রশি. ও বাস্ত./পরি. ও উন্ন./গবে. ও তথ্য./প্রশা. ও অর্থ, নায়েম, ঢাকা;
৩) পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা;
৪) পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম;
৫) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রাজশাহী অঞ্চল, রাজশাহী;
৬) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা;
৭) পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা সিলেট অঞ্চল, সিলেট;
৮) পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বরিশাল অঞ্চল, বরিশাল;
৯) পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর;
১০) পরিচালক, পরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ;
১১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা কুমিল্লা অঞ্চল, কুমিল্লা;
১২) উপ-পরিচালক, প্রশি. ও বাস্ত./প্রশা. ও অর্থ, নায়েম, ঢাকা;

১৩) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা;
১৪) হোস্টেল সুপারিনটেনডিন্ট, সোনার বাংলা/শহীদ মুক্তিযোদ্ধা/শহীদ জননী হোস্টেল, নায়েম, ঢাকা;
১৫) জনাব এ কে এম শাহ আলম, প্রোগ্রামার, নায়েম, ঢাকা (পত্রটি নায়েম ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১৬) ডকুমেন্টেশেন অফিসার, তথ্যায়ন শাখা, নায়েম, ঢাকা;
১৭) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম।

২১-৯-২০২২
(স্বপন কুমার সাহা)
প্রশিক্ষণ বিশেষজ্ঞ